রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, সেপ্টেম্বর ৮, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ ভাদ্র ১৪২৫/২৭ আগস্ট ২০১৮

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৮-৮৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১২ জানুয়ারি, ২০১১ তারিখের ০৪.২২২.০৫৮.০০.০০.০১৪.২০১০-১৫৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গঠিত 'উপজেলা সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি বাস্তবায়ন কমিটি' নিম্নরূপে পুনর্গঠন করিয়াছে :

**(ক) কমিটির নাম** : 'সামাজিক নিরাপত্তা সংক্রান্ত উপজেলা ব্যবস্থাপনা কমিটি' [Upazila Management Committee (UMC) on Social Security] পুনর্গঠন করিয়াছে;

**(খ) কমিটির গঠন** :

| | | |
|---|---|---|
| (১) | উপজেলা পরিষদ চেয়ারম্যান | উপদেষ্টা |
| (২) | উপজেলা নির্বাহী কর্মকর্তা | সভাপতি |
| (৩) | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| (৪) | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| (৫) | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| (৬) | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| (৭) | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| (৮) | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| (৯) | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| (১০) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| (১১) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| (১২) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| (১৩) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| (১৪) | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |



**মূল্য :** টাকা ৪·০০

| | | |
|---|---|---|
| (১৫) | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| (১৬) | মেয়র (সকল পৌরসভা) | সদস্য |
| (১৭) | ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, স্থানীয় শাখা | সদস্য |
| (১৮) | কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ | সদস্য |
| (১৯) | চেয়ারম্যান (সকল ইউনিয়ন পরিষদ) | সদস্য |
| (২০) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য-সচিব |

**(গ) কমিটির কার্যপরিধি :**

(১) উপজেলা পর্যায়ে সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ এবং এই বিষয়ে জেলা প্রশাসক বরাবর নিয়মিত প্রতিবেদন প্রেরণ;

(২) উপজেলা পর্যায়ে সামাজিক নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নকারী বিভিন্ন দপ্তর, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদের কার্যক্রম সমন্বয় এবং সুবিধাভোগীদের ডিজিটাল ডাটাবেইজ সংরক্ষণ;

(৩) স্থানীয় পর্যায়ে গৃহীত সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহকে NSSS-এ বর্ণিত জীবনচক্র কাঠামো (Lifecycle Framework)-এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণকরণের নিমিত্ত নিয়মিত পর্যালোচনা;

(৪) স্থানীয় পর্যায়ে পরিচালিত এনজিও, বেসরকারি প্রতিষ্ঠান এবং বৃহৎ পরিসরে পরিচালিত ব্যক্তি পর্যায়ের সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহের তালিকা প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ এবং সম্ভাব্য ক্ষেত্রে সরকারি সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহের সঙ্গে সমন্বয়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ;

(৫) সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহের আর্থিক সহায়তা বা ভাতা সরাসরি ‘সরকার থেকে ব্যক্তি’ (G2P) পদ্ধতিতে বিতরণের জন্য সম্ভাব্য কার্যক্রম গ্রহণ;

(৬) স্থানীয় পর্যায়ে সামাজিক নিরাপত্তার কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে প্রাকৃতিক দুর্যোগ বা জলবায়ুর উপর প্রভাব, জেন্ডার সমতা, প্রান্তিক জনগোষ্ঠী, নগরকেন্দ্রিক দারিদ্র্য ইত্যাদি বিষয় পর্যালোচনা;

(৭) বাংলাদেশের জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS) এবং সংশ্লিষ্ট কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অন্যান্য কার্যক্রম;

**(ঘ)** কমিটি প্রতি দুই মাসে অন্তত একটি সভা আয়োজন করিবে।

**(ঙ)** কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

০২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. আবু সালেহ্ মোস্তফা কামাল
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd